

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫

আগরতলা, ৭ এপ্রিল, ২০২৪

সাইক্লোথন ফর ডেমোক্রেসি, রাইড টু ভোট  
আগরতলায় সাইকেল র্যালি

সিস্টেমটিক ভোটার্স অ্যাডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশন কর্মসূচিতে ভোটারদের সচেতন করতে আজ উমাকান্ত একাডেমি প্রাঙ্গণে ‘সাইক্লোথন ফর ডেমোক্রেসি, রাইড টু ভোট’ শীর্ষক সাইকেল র্যালির আয়োজন করা হয়। পশ্চিম ত্রিপুরা জেলা নির্বাচন আধিকারিকের কার্যালয় এই র্যালির আয়োজন করে। মুখ্যসচিব জে কে সিনহা এই সাইকেল র্যালির সূচনা করেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল, ১-ত্রিপুরা পশ্চিম লোকসভা আসনের সাধারণ পর্যবেক্ষক বিবেক এল ভিমানওয়ার, সাধারণ পর্যবেক্ষক ভূপেশ চৌধুরী, ব্যয় নির্বাহক পর্যবেক্ষক প্রদীপ শর্মা, পুলিশ পর্যবেক্ষক রাম কুমার, পুলিশ পর্যবেক্ষক ড. আর শিবকুমার, অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উসা জেন মগ, অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক শুভাশিস বন্দ্যোপাধ্যায়, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক ডা. বিশাল কুমার, অতিরিক্ত জেলাশাসক প্রশান্ত বাদল নেগি, পশ্চিম জেলার পুলিশ সুপার ড. কিরণ কুমার কে, এআরও সজল বিশ্বাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য, অলিম্পিয়ান তথা সিস্টেমটিক ভোটার্স অ্যাডুকেশন অ্যান্ড ইলেক্টোরাল পার্টিসিপেশনের আইকন পদ্মশ্রী দীপা কর্মকার প্রমুখ।

অনুষ্ঠানে মুখ্যসচিব জে কে সিনহা উদ্যোক্তাদের এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করে বলেন, আসন্ন লোকসভা নির্বাচন এবং ৭-রামনগর বিধানসভার উপনির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সব রকমের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তিনি ভোটারদের উৎসবের মেজাজে ভোট দেওয়ার আহ্বান জানান। তিনি বলেন, গত বিধানসভা নির্বাচনে এ রাজ্যের ভোটাররা অধিক সংখ্যায় ভোটাধিকার প্রয়োগ করে পুরো ভারতবর্ষের মধ্যে এক দৃষ্টান্ত স্থাপন করেছেন। অনুষ্ঠানে মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল বলেন, আগামী ১৯ এপ্রিল ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনে, ৭-রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে এবং ২৬ এপ্রিল ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় আসনের নির্বাচনে অধিক সংখ্যক ভোটার যাতে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন এ উদ্দেশ্যেই এই সাইকেল র্যালির আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পদ্মশ্রী দীপা কর্মকার। স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসনের অ্যাসিস্টেন্ট কালেক্টর চারু ভার্মা।

অনুষ্ঠানে অতিথিগণ আগরতলা সাইক্লোথন ফাউন্ডেশনের কর্ণধার গোপেশ দেবনাথের হাতে ট্রফি ও ৪ জন সাইক্লিস্টের হাতে শংসাপত্র তুলে দেন। অনুষ্ঠান শেষে ব্যান্ড সহযোগে এই সাইকেল র্যালি উমাকান্ত একাডেমি প্রাঙ্গণ থেকে শুরু হয়। এই র্যালি আগরতলা শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে পুনরায় উমাকান্ত একাডেমি মাঠে এসে সমাপ্ত হয়।

\*\*\*\*\*